

“থাকব ভালো, রাখব ভালো দেশ”  
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০  
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০১৭.২২(১১)- ০৬

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২৩

**এসএসসি/সমমান- ২০২২ ও এইচএসসি/সমমান- ২০২১ ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি" এর দরখাস্ত আহ্বান।**

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং ২০২১ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিকেল (১ম সেমিস্টার/বর্ষে) এ অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

- (ক) বিএমইটি'র ডাটাবেজের মাধ্যমে বহিগমন ছাড়পত্র গ্রহনকারী অথবা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহনকারী প্রবাসী কর্মীর সন্তান;  
(খ) ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ	
			প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২২	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বানিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২১	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও বানিজ্য বিভাগ	৪.৫০	৪.০০

(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে:

- ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়া স্বপক্ষে প্রমাণক হিসাবে পাসপোর্ট এর সত্যায়িত কপি;  
খ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি (৩০০x৩০০ পিক্সেল);  
গ) শিক্ষার্থীর স্বাক্ষর (৩০০x৩০০ পিক্সেল);  
ঘ) অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যায়ন পত্র; এবং  
ঙ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর কপি।

(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ:

- ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর; এবং  
খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষে) ৪ বছর ও মেডিকেলের জন্য ৫ বছর বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

(৫) আবেদনের প্রক্রিয়া:

- ক) সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: <http://stipen.wewb.gov.bd/stipend>;  
খ) অনলাইনে আবেদনের সময়সীমা: ১লা মার্চ হতে ১৫ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত; এবং  
গ) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার/অভিভাবক এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।

(৬) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৭) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ “প্রবাসবন্ধু কলসেন্টার” এর ১৬৬১৩৫ (টোল ফ্রি) এবং ০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) নম্বরে যোগাযোগ করা যাবে।

(৮) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে। সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না।

১৬.০২.২০২৩  
(আরিফ আহমেদ খান)  
উপসচিব  
পরিচালক (আইআরপি)